

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd
iaudhaka@gmail.com



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩
পশ্চিম ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর ঢাকা-১২০৭।

স্মারক নং-ই.আ.বি/একা-২০/কা.মা.১বছর.ভর্তি/রেজিঃ/২০১৭/৪৬৪২

তারিখঃ ২০/০১/২০১৮


বিজ্ঞপ্তি

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) অনলাইন রেজিস্ট্রেশন সংক্রান্ত

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কামিল মাস্টার্স মাদরাসার অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম অনিবার্য কারণবশতঃ ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখের পরিবর্তে আগামী ২১/০১/২০১৮খ্রি. থেকে ২৬/০১/২০১৮খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

অনলাইন রেজিস্ট্রেশন চলাকালীন সময়ে **Final Submit** এর কোন অপশন দেয়া থাকবে না। পরবর্তীতে ২৭/০১/২০১৮খ্রি. তারিখে **Final Submit** করতে হবে। সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ কর্তৃক মনোনীত প্রতিনিধিকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে ০১/০২/২০১৮ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অনলাইন ব্যাংকিং/টি.টি- এর মাধ্যমে ভর্তি ফি' জমার মূল রশিদ, ২ কপি eSIF লিস্ট এবং শিক্ষার্থীদের দাখিল, আলিম ও অনার্স পাসের মূল সনদ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রদর্শন পূর্বক সকল সনদের ফটোকপি বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সরাসরি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বহিলা, মোহাম্মদপুরস্থ কার্যালয়ের একাডেমিক শাখায় জমা দিতে হবে।

- কোন অবস্থাতেই ছাত্র-ছাত্রীদের ঝাপসা ছবি দেয়া যাবে না।
- **Final Submit** একবার করার পর কোন অবস্থাতেই **Lock** খুলে দেয়া হবে না।
- নির্ধারিত তারিখের পর কোন শিক্ষার্থীকে অনলাইন রেজিস্ট্রেশনের সুযোগ প্রদান করা হবে না।


২১.১.১৮

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়